

রপ্তানি প্রক্রিয়া করণ এলাকা  
(ইপিজেড)-এ অবস্থিত  
প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদানে  
কি পদ্ধতি অনুসরণ করা  
হয়। দাখিলযোগ্য দলিলাদি  
কি?

রপ্তানি প্রক্রিয়া করণ এলাকায় (ইপিজেড) প্রতিষ্ঠানসমূহ  
যাতে তাৎক্ষণিক আইন ও বিধিসম্মত সেবা পেতে পারে এ  
বিষয়ে সংশ্লিষ্ট গুরু কর্তৃপক্ষের সদয় দৃষ্টি রয়েছে।

ইপিজেড প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে সাময়িক ও  
স্থায়ী বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স প্রদানের  
প্রথা (System) চালু আছে।

কারখানা প্রতিষ্ঠার লক্ষ্যে নির্মাণ সামগ্রী ও মেশিনারীজ  
আমদানির ক্ষেত্রে সাধারণত সাময়িক (Provisional) বন্ডেড  
ওয়্যার হাউস লাইসেন্স প্রদান করা হয়ে থাকে।

(ক) সাময়িক (Provisional) বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের ক্ষেত্রে দাখিলযোগ্য দলিলাদি  
নিম্নরূপ :-

- ১) যথাযথ মূল্যমানের কোর্ট ফিসহ নির্ধারিত ডাটাবেইজ ফরমে আবেদন;
- ২) বেপজা কর্তৃক প্রদত্ত প্লট বরাদ্দের পত্র ও পজিশন হস্তান্তর পত্র;
- ৩) বেপজার অনুমতি বা সুপারিশপত্র;
- ৪) জয়েন্ট স্টক কোম্পানীর মেমোরেণ্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন;
- ৫) ব্যাংক স্বচ্ছলতার সনদ
- ৬) মূল্য সংযোজন কর সনদপত্র;
- ৭) লে-আউট প্ল্যান
- ৮) ট্রেড লাইসেন্স;
- ৯) প্রতিষ্ঠানের আয়কর সনদ;
- ১০) ওয়ার্ক পারমিট (বিদেশীদের জন্য)।

(খ) স্থায়ী বন্ডেড ওয়্যার হাউসের লাইসেন্সের জন্য আবশ্যিকীয় দলিলাদি :-

- (১) আবেদন পত্র;
- (২) স্থায়ী বন্ড লাইসেন্সের জন্য বেপজার সুপারিশ পত্র;
- (৩) আমদানিকৃত মেশিনারীজের তালিকা ও দলিলাদি;
- (৪) লে-আউট প্ল্যান (মেশিনারীজ স্থাপনোত্তর);
- (৫) জাতীয়তা সনদ (দেশী পরিচালকদের), পাসপোর্টের সত্যায়িত কপি (বিদেশী পরিচালকদের),
- (৬) ১৫০/- টাকার স্ট্যাম্পে উৎপাদন কার্যক্রমে কাঁচামালের ঘোষণা;
- (৭) ১৫০/- টাকার স্ট্যাম্পে পরিচালকদের বর্তমান ও স্থায়ী ঠিকানা, নমুনা স্বাক্ষর ও ছবি (যা  
নোটারীকৃত ও লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত)।